প্রধান বন সংরক্ষকের দপ্তর
ডাইরী নং ৯১০
তারিখঃ ৮/৪/১৯
স্বাক্ষর

০৯ APR ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বন শাখা-৩
www.moef.gov.bd

তারিখঃ - 8 APR 2019

স্মারক নং-২২.০০.০০০০.০৬৮.১১.০২৯.১৭.৭৪৯

তারিখ: ২৫/১২/১৪২৫ ব:
০৮/০৪/২০১৯ খ্রি:

# আদেশ

যেহেতু, মোঃ কামরুল হাসান, সহকারী বন সংরক্ষক 'সুন্দরবন সংরক্ষিত বনাঞ্চল ব্যবস্থাপনা সহায়তা প্রদান' প্রকল্পে প্রেষণে নিয়োজিত থাকাকালীন ফিনল্যান্ডের ইয়েনসু বিশ্ববিদ্যালয়ে Master of Secience in European Forestry 2006-2008-এ ২ (দুই) বছর মেয়াদী কোর্সে অধ্যয়নের জন্য শিক্ষা ছুটির আবেদন করলে এবং তাকে ২ (দুই) বছরের অধিক সময় বিদেশে অবস্থান করতে পারবেন না এবং শিক্ষা ছুটি শেষে স্বীয় পদে যোগদান করার শর্তে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শা-২/পবম-৫৮/২০০০/১১৮৯ তারিখ ২৪/১২/২০০৬ মূলে বিদেশ গমনের অনুমতিসহ ০৭/০১/২০০৭ হতে ০৬/০১/২০০৯ তারিখ পর্যন্ত ২ (দুই) বছর অর্ধগড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, মোঃ কামরুল হাসান, সহকারী বন সংরক্ষক Master of Science in European Forestry 2006-2008 কোর্স সম্পন্ন করার পর ছুটি শেষে দেশে প্রত্যাবর্তন না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত পিএইচডি কোর্সে ভর্তি হন এবং ০৭/০১/২০০৯ হতে ০৬/০১/২০১২ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছর ছুটি বৃদ্ধির জন্য আবেদন করেন। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-বন শাখা-৩/পবম-৫৮/২০০০/৩৩৫ তারিখ ০৬/০৫/২০০৯ মূলে ০৭/০১/২০০৯ হতে ০৬/০৫/২০০৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) মাস অর্ধগড় বেতনে শিক্ষা ছুটি এবং ০৭/০৫/২০০৯ থেকে ০৬/০১/২০১১ তারিখ পর্যন্ত অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। উক্ত ছুটি ভোগরত অবস্থায় তিনি ৯/০৯/২০১০ তারিখে পুনরায় ০৭/০১/২০১১ হতে ০৬/০১/২০১২ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের ছুটির জন্য আবেদন করেন। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-পবম/বন শাখা-৩/বন-৫৮/২০০০/৫৮৬ তারিখ ০৮/০৮/২০১২ খ্রি: মূলে ১৩/০২/২০০৭ হতে ০৭/০১/২০১২ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত ০৪ বছরের অতিরিক্ত ভোগকৃত ১০ মাস ২৫ দিন বিনাবেতনে অসাধারণ ছুটি এবং প্রজ্ঞাপন নং পবম/বন শাখা-৩/বন-৫৮/২০০০/৫৮৭ তারিখ ০৮/০৮/২০১২ খ্রি: মূলে ০১/০৮/২০১২ হতে ৩১/০৭/২০১৩ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, মোঃ কামরুল হাসান, সহকারী বন সংরক্ষক বিদেশে অবস্থান করে ১০/০৭/১৩ তারিখ পুনরায় ১৩/০৮/২০১৩ হতে ১২/০৮/২০১৪ তারিখ পর্যন্ত ছুটি বৃদ্ধির আবেদন প্রেরণ করেন এবং এ পরিপ্রেক্ষিতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং- পবম/বনশাখা-৩/বন-৫৮/২০০০/৩৪৭ তারিখ ১৯/০৯/২০১৩ মূলে ১৩/০৮/২০১৩ হতে ১২/০৮/২০১৪ তারিখ পর্যন্ত ছুটি মঞ্জুরের বিধিগত সুযোগ নেই মর্মে মোঃ কামরুল হাসান, সহকারী বন সংরক্ষককে জানানো হয়। মোঃ কামরুল হাসান, সহকারী বন সংরক্ষককে আর কোন ছুটি মঞ্জুরের বিধিগত সুযোগ নেই মর্মে জানানো সত্ত্বেও তিনি দেশে প্রত্যাবর্তন না করে অবৈধভাবে বিদেশে অবস্থান করতে থাকেন। তিনি অবৈধভাবে বিদেশে অবস্থান করে ১৭/০৭/২০১৪ তারিখের আবেদন মূলে ১২/০৮/২০১৫ পর্যন্ত ছুটি বর্ধিত করার জন্য, ৩০/০৭/২০১৫ তারিখের আবেদন মূলে পূর্বের আবেদন সমূহের ধারাবাহিকতায় ৩১/১২/২০১৫ তারিখ পর্যন্ত ছুটি বর্ধিত করার জন্য, ০৪/১২/২০১৫ তারিখের আবেদন মূলে ১৩/০৮/২০১২ হতে ৩০/০৬/২০১৭ তারিখ পর্যন্ত লিয়েন মঞ্জুরের জন্য এবং ২৯/০৫/২০১৭ তারিখের আবেদন মূলে ১৩/০৮/২০১২ হতে ৩১/০৭/২০১৭ তারিখ পর্যন্ত প্রেষণে পূর্ণ বেতনে শিক্ষা ছুটি এবং ১৩/০৮/২০১২ হতে ৩১/০৭/২০১৭ তারিখ পর্যন্ত বৈদেশিক লিয়েন মঞ্জুরের আবেদন করেন;

যেহেতু, মোঃ কামরুল হাসান, সহকারী বন সংরক্ষক ৩১/০৭/২০১৩ তারিখের পর হতে ৩০/০৭/২০১৭ তারিখ পর্যন্ত এবং ০১/০৮/২০১৭ তারিখের পর হতে অভিযোগ গঠনের সময় পর্যন্ত (২৭/০২/২০১৮ খ্রি:) পর্যন্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় এ মন্ত্রণালয়ের স্মারক নং ২২.০০.০০০০.০৬৮.১১.২৯.২০১৭.১০৫ তারিখ ২৭/০২/২০১৮ খ্রি: মূলে মোঃ

কামরুল হাসান, সহকারী বন সংরক্ষক এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) ধারায় বর্ণিত অভিযোগে অভিযুক্ত করে তাকে উক্ত অধ্যাদেশের ৪(বি) ধারার বিধানমতে Discharge from Service দন্ড প্রদানের সাময়িক সিদ্ধান্ত গ্রহণ করে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ৫(পাঁচ) দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানি প্রদান করতে ইচ্ছুক কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, মোঃ কামরুল হাসান, সহকারী বন সংরক্ষক এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ-বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ (১৯৭৯ সনের ১১ নং অধ্যাদেশ) এর ৫(১) নং ধারার অধীনে কারণ দর্শানোর নোটিশ ও অভিযোগনামা জারি করা হয়। তিনি ১২/০৩/২০১৮ তারিখ ডাকযোগে জবাব দাখিল করেন। তার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ২য় কারণ দর্শানোর নোটিশ গত ২৪/০৫/২০১৮ তারিখের "দৈনিক জনকণ্ঠ এবং নিউ এইজ" ২(দুই) দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। তিনি ০৭/০৬/২০১৮ তারিখে ২য় কারণ দর্শানোর জবাব কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেন, যা সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা মোঃ কামরুল হাসান, সহকারী বন সংরক্ষক কর্তৃক প্রদত্ত ২য় কারণ দর্শানোর জবাব এবং সংশ্লিষ্ট সংযুক্ত কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (বিশেষ-বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা অনুযায়ী ছুটি ব্যতীত বা কোন যুক্তি সংগত কারণ ব্যতীত নিজ কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(বি) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ (০১/০৮/২০১৭ খ্রিঃ) হতে চাকরি হতে অব্যাহতি (discharge from service) এর দন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত দন্ড আরোপের সিদ্ধান্তের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের পরামর্শ চাওয়া হয় এবং প্রস্তাবিত দন্ড প্রদানের সংগে কমিশন একমত পোষণ করে;

সেহেতু, মোঃ কামরুল হাসান, সহকারী বন সংরক্ষক, সুন্দরবন সংরক্ষিত বনাঞ্চল ব্যবস্থাপনা প্রদান প্রকল্প-কে সরকারি কর্মচারী (বিশেষ-বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা অনুযায়ী ছুটি ব্যতীত বা কোন যুক্তি সংগত কারণ ব্যতীত নিজ কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগে একই বিধিমালার ৪(বি) বিধি অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ হতে অর্থাৎ ০১/০৮/২০১৭ হতে চাকরি হতে অব্যাহতি (discharge from service) প্রদান করা হলো।

(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)
সচিব

স্মারক নং-২২.০০.০০০০.০৬৮.১১.০২৯.১৭. ১৫৭ — তারিখ: ২১ চৈত্র, ১৪২৫ ব: / ০৪ এপ্রিল, ২০১৯ খ্রিঃ

৪।৪।২০১৯
(মোঃ আব্দুল মান্নান)
উপসচিব
ফোন: ৯৫৭৬৫৮৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মোঃ কামরুল হাসান এর বর্তমান ঠিকানায় পৌঁছানোর অনুরোধসহ)।
২। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। মোঃকামরুল হাসান, সহকারী বন সংরক্ষক, পিতা-মোঃ কাছেদ আলী, গ্রাম-মাহমুদপুর (গাংনিয়া), পোঃ ভাডুখালী, থানা ও জেলা-সাতক্ষীরা।